# রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন

## বার্ষিক পরীক্ষা

শ্রেণী নবম

নমুনা প্রশ্নপত্র

বিষয় বাংলা

পূর্ণমান-90

1.সঠিক উত্তরটি নির্বাচন করো 1×20=20

Scanned with CamScanner

1.1'সহসা নদী বলিয়া ভ্রম জন্মে'- লেখিকার যা দেখে এমন ভ্রম জন্মে তা হল-

ক)নির্মল শ্বেত কুজ্ঝটিকা দেখে।

খ)সরু রেললাইন দেখে।

গ)ঝরনার অবারিত জলধারা দেখে।

ঘ)পায়ে চলার সংকীর্ণ পথ দেখে।

1.2)'এরই মাঝে বাংলার প্রাণ'- বাংলার প্রাণশক্তি নিহিত -

ক)সন্ধ্যার তারা ভরা আকাশের সৌন্দর্যে।

খ)কামরাঙা লাল মেঘে।

গ)কবির মনে।

ঘ)বাংলার পরমাসুন্দরী প্রকৃতি রাজ্যে।

1.3)'বেদজ্ঞ ব্রাহ্মণ স্বভাবে দয়া পরায়ণ হলেও যজ্ঞীয় পশুবধের সময় নির্দয় হয়ে থাকেন' এ কথা বলেছেন-

ক)শ্যালক

খ)সূচক

গ)পুরুষ

ঘ)প্রথম রক্ষী।

Scanned with CamScanner

1.4)সর্বহারা ইলিয়াসের একমাত্র বোঁচকায় ছিল-

ক)একটি লোমের কোট

খ)টুপি

গ) জুতো আর বুট।

ঘ)ক, খ, গ সবগুলোই

1.5)ভারতবর্ষীয় এই তিন ভাষা ফারসির মত নব নব সৃষ্টি দিয়ে ঐশ্বর্যশালী সাহিত্য সৃষ্টি করতে পারল না। -এইতিন ভাষা হল

ক)বাংলা,উর্দু ও কাশ্মীরি

খ) সিন্ধি,উর্দু ও সংস্কৃত

গ)উর্দু, সিন্ধি ও তামিল

ঘ) সিন্ধি,উর্দু ও কাশ্মীরি

1.6)কবি তালা ভাঙার কথা বলেছেন। -

ক)বন্দীশালার

খ)রাজপ্রাসাদের

গ)পরাধীনতার

ঘ)হৃদয়ের

Scanned with CamScanner

1.7)'বাঁচিয়া গিয়াছে বিধির আশিসে'-.....বিধির আশিসে কিভাবে বেঁচে গিয়েছি।

ক)অমৃতের টিকা পরে।

খ)জয়টিকা ধারণ করে।

গ)মঙ্গলঘট আরাধনা করে।

ঘ)মৃত্যুভয়কে উপেক্ষা করে।

1.8)ঘরে বসে চন্দ্রনাথ কি করছিল?-

ক)পরীক্ষার পড়া মুখস্হ করছিল।

খ)অংক কষছিল ।

গ)স্কুলের বিরুদ্ধে অভিযোগ পত্র তৈরি করছিল।

ঘ)ইউনিভার্সিটি এগজামিনের রেজাল্ট তৈরি করছিল।

1.9)বৃদ্ধ শেষবারের মতো শোভনের দিকে কাতরভাবে চেয়ে -

ক)বাইরে পা বাড়িয়েছিলেন।

খ)আকাশের দিকে তাকিয়ে ছিলেন।

গ)ঘরের দিকে ফিরলেন।

ঘ)কিছুই করলেন না।

Scanned with CamScanner

1.10)লুপ্ত স্মৃতি ফিরিয়ে আনার জন্য শঙ্কুর আবিষ্কার হলো -

ক) রিমেমব্রেন।

খ)লুমিনি ম্যাক্স।

গ)অরনিথন ।

ঘ)মিরাকিউরল।

1.11)পক্ষীবিজ্ঞানীদের কনফারেন্সের চেয়ারম্যান ছিলেন।-

ক)গ্রেনফেল

খ)কারেরাস ।

গ)কোভারুবিয়াস

ঘ)আর্গাস।

1.12) স্বর্ণপর্ণীর উল্লেখ পাওয়া যায় কোন প্রাচীন শাস্ত্রে ?

ক)উপনিষদ

খ)চরক সংহিতা।

গ)বেদ

ঘ)মনুসংহিতা

Scanned with CamScanner

1.13)নদী আপন বেগে পাগল পারা -পারা এই পদটি কোন শ্রেণীর অব্যয়।

ক)আলংকারিক অব্যয়।

খ)সাদৃশ্য সূচক অব্যয়।

গ)সংশয় সূচক অব্যয়।

ঘ)কোনটিই নয়।

1.14)এদের মধ্যে কোনটি বিষমীভবনের উদাহরণ নয়

ক)লাল )নাল

খ)তলোয়ার )তরোয়াল

গ)আর্মারিও)আলমারি

ঘ)ছাত)ছাদ

1.15)প্রাকৃতজ শব্দ বলা হয়-

ক)তৎসম শব্দকে

খ)অর্ধতৎসম শব্দকে

গ)তদ্ভব শব্দকে

ঘ)আগন্তুক শব্দকে

Scanned with CamScanner

1.16)নিঃশব্দে লক্ষ্য করিতে লাগিল -নিঃশব্দ শব্দটি হল

ক)ক্রিয়া

খ)অব্যয়

গ)বিশেষণ

ঘ)ক্রিয়া বিশেষণ।

1.17)মা আমাকে ভাত দিচ্ছেন। দিচ্ছেন শব্দটি হল।

ক)সকর্মক ক্রিয়া।

খ)দ্বিকর্মক ক্রিয়া।

গ)অকর্মক ক্রিয়া।

ঘ)অসম্পূর্ণ ক্রিয়া।

1.18)সেই ধন্য নরকুলে লোকে যারে নাহি ভুলে। সেই শব্দটি কোন ধরনের বিশেষণ -

ক)সর্বনামীয় বিশেষণ

খ)সর্বনামের বিশেষণ।

গ)অব্যয় জাত বিশেষণ।

ঘ)সম্বন্ধ বিশেষণ

Scanned with CamScanner

1.19)কেবা শুনাইল শ্যাম নাম ।-শুনাইল ক্রিয়াপদটি কোন শ্রেণীর।

ক)মৌলিক ক্রিয়া

খ)যৌগিক ক্রিয়া।

গ)নামধাতুজ ক্রিয়া ।

ঘ)প্রযোজক ক্রিয়া।

1.20)তিনি প্রত্যহ আমাদের বাড়িতে আসতেন । আসতেন শব্দটি ক্রিয়ার কোন কালের অন্তর্গত?-

ক)ঘটমান ভবিষ্যৎ

খ)ঘটমান অতীত।

গ)নিত্যবৃত্ত অতীত।

ঘ)পুরাঘটিত অতীত।

Scanned with CamScanner

কমবেশি 15 টি শব্দের মধ্যে উত্তর দাও   1×20=20

2.ক)প্রতিবেশীরা ইলিয়াসকে কেন ঈর্ষা করত?

খ)পক্ষধর এর পক্ষশাতন করি-পক্ষধর কে ছিলেন?

গ)'তার চেয়ে বল ....এই জেলের সেবা করলেন' কে কেন একথা বলে?

ঘ)কোন কোন ভাষা সংস্কৃত ভাষার মতো আত্মনির্ভরশীল ও স্বয়ংসম্পূর্ণ ?

ঙ)ভুটিয়ানিরা কেমন স্বভাবের হয়?

চ)অজস্র চুলের চুমা- কবি কি অর্থে ব্যবহার করেছেন?

ছ)পৃথিবীতে নতুন নতুন কি গড়ে ওঠে?

জ)আবহমান কবিতায় অনেক বছর আগেকার আসার কথা বলা হয়েছে ?

Scanned with CamScanner

ঝ)কর্মে ঝাঁপ দেওয়ার পরে সাফল্যের পাশাপাশি আর কি কি ঘটার সম্ভাবনা থাকতে পারে ?

ঞ)কিভাবে বিবেকের বাণী জগৎময় প্রচারিত হয়েছে ?

ট)একটি দ্বিকর্মক ক্রিয়ার উদাহরণ দাও ?

ঠ)সাধিত ধাতু কাকে বলে?

ড)সংস্কৃত উপসর্গ পরি যোগে একটি নতুন শব্দ তৈরি করো ।

ঢ)সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার একটি পার্থক্য লেখ।

ণ)কর্মবাচ্যের ক্রিয়া বলতে কী বোঝো ?

ত)তাড়নজাত ধ্বনি কাকে বলে ?

থ) পদান্বয়ী অব্যয় কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

দ)একটি নিত্য সম্বন্ধী অব্যয় এর উদাহরণ দাও।

ধ)কৃদন্ত শব্দ কাকে বলে ?

ন)একটি সাকল্যবাচক সর্বনামের উদাহরণ দাও।

Scanned with CamScanner

3.প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ষাটটি শব্দে উত্তর দাও (যেকোনো দুটি) 3×2=6

3.1)রক্তপ্রবাহের মাঝে ফেনাইয়া উঠে/সোনার মুকুট কত ফুটে আর টুটে-কবি কে অনুসরণ করে উদ্ধৃতাংশটির অন্তর্নিহিত ভাব পরিস্ফুট করো।(3)

অথবা

ধেয়ানের ধনে মূর্তি দিয়েছে আমাদের ভাস্কর -কোন ভাস্করের বিষয়ে একথা বলা হয়েছে?কথাটির তাৎপর্য লেখ ।(1+2 )

3.2)নিশানাথ বাবু কি কারনে তার ভাই চন্দ্রনাথের ওপর ক্রুদ্ধ হয়েছিলেন? 3

অথবা

সে মুখের বেদনাময় বিমূঢ়তা শোভনের বুকে ছুরির মতো বিঁধল -কোন মুখের কথা বলা হয়েছে? প্রসঙ্গটির উল্লেখ করো।(1+2 )

Scanned with CamScanner

4.নিচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখ। যে কোন চারটি 4×5=20

4.1)এখন সে সাধও পূর্ণ হইল-কে একথা বলেছে? তার কোন সাধ কিভাবে পূর্ণ হয়েছিল ? 1+4=5

4.2)রচনার ভাষা তার বিষয়বস্তুর উপর নির্ভর করে মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দাও। 5

অথবা

এখন মারতে হয় মারুন ছেড়ে দিতে হয় ছেড়ে দিন বক্তা কে? উক্তির প্রেক্ষাপটে বক্তার চরিত্র আলোচনা করো 1+4=5

4.3)চন্দ্রনাথের আঘাতে সমস্ত স্কুলটা চঞ্চল, বিক্ষুব্ধ হইয়া উঠিয়াছে- চন্দ্রনাথ কে?কেন তার আঘাতে সমস্ত স্কুল চঞ্চল,বিক্ষুব্ধ? 1+4=5

অথবা

'সে বিজ্ঞাপন নয় সম্পূর্ণ একটি ইতিহাস'- এই ইতিহাসের পরিচয় দাও। 5

4.4)আগুন জ্বালা/ আগুন জ্বালা ফেল উপাড়ি- উদ্ধৃতাংশ টি কোন কবির কোন কবিতার অন্তর্গত? কবি কিসে, কেন কাদের আগুন জ্বালাতে বলেছেন সংক্ষেপে তা লেখ । 1+4=5

Scanned with CamScanner

5.কমবেশি দুশো শব্দের যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও 7×1=7

5.1)প্রফেসর শঙ্কুর স্বর্ণপর্ণী সংগ্রহের বৃত্তান্ত সংক্ষেপে লেখ

অথবা

'যারা দরিদ্র, যারা নিরক্ষর, যারা মাথা উঁচু করে চলতে পারে না, তাদের কথা ভুলিস না' -উদ্ধৃতাংশ-টির বক্তা কে? স্বর্ণপর্ণী গল্পটি পড়ে এই মানুষটিকে তোমার কেমন বলে মনে হয়েছে লেখ।

6.কমবেশি 170 টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও। 7×1=7

6.1)ভাব সম্প্রসারণ করো:

মুক্ত করো ভয়/ আপনা মাঝে শক্তি ধরো
নিজেকে করো জয়।

6.2)নিচের সূত্রগুলি দিয়ে শিরোনাম ও নীতিকথা সহযোগে একটি গল্প রচনা করো।

এক শিশু.....দাবিদার হয়ে এল দুই মহিলা। বিচারক শিশুটিকে দ্বিখন্ডিত করে ভাগ করার বিধান দিতেই প্রকৃত মায়ের কান্না, বিচারকের সত্য উপলব্ধি।

Scanned with CamScanner

6.3)ভাবার্থ লেখ।

নদী কভু পান নাহি করে নিজ জল,
তরুগণ নাহি খায় নিজ নিজ ফল।
গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান,
কাষ্ঠ দগ্ধ হয়ে করে পরে অন্নদান।
বংশী করে নিজ সুরে অপরে মোহিত,
স্বর্ণ করে নিজ রূপে অপরে শোভিত।
শস্য জন্মাইয়া নাহি খায় জলধরে ,
সাধুর ঐশ্বর্য তবু পরহিত তরে।

7.কমবেশি 300 শব্দে যে কোন একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ 10×1=10

7.1)চরিত্র গঠনে খেলাধূলার ভূমিকা।

7.2)বিশ্ব উষ্ণায়ন ও তার প্রতিকার।

7.3)বাঙালির উৎসব।

Scanned with CamScanner